গাংনীর সাহারবাটি ইউপি মেম্বর রফিকুল মারা গেছেন

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ২ নং ওয়ার্ডের (ভোমরদহ) গ্রামের সদস্য রফিকুল ইসলাম (৪৫) মারা গেছেন (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)।
রফিকুল সাহারবাটী ইউনিয়নের ভোমরদহ গ্রামের বিলপাড়ার মৃত মুছাব উদ্দীনের ছেলে।

বৃহস্পতিবার (১৭ আগস্ট) দিবাগত রাত সাড়ে ১১টার দিকে স্ট্রোকজনিত কারণে মারা যান তিনি। মৃত্যুকালে তিনি স্ত্রী,২ মেয়ে ও ১ ছেলেসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

পারিবারিক সূত্র জানায়, রফিকুল ইসলাম কয়েকদিন যাবত অসুস্থ ছিলেন। বৃহস্পতিবার রাতে নিজ বাড়িতে স্ট্রোক করেন। এসময় পরিবারের লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

শুক্রবার (১৮ আগস্ট) বাদ জুম্মা ভোমরদহ বিলপাড়া কবরস্থান নামাজে জানাজা শেষে ওই কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৫

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৫ আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ ও মাদক মামলার ২ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ১ ও মারামারি মামলার ১ আসামি রয়েছে।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব মামলার আসামি

গ্রেফতার করেন। গাংনী ও সদর থানা পুলিশের সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার (১৮ আগস্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে বাস খাদে, আহত ৭

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার তেরাইল-অলিনগরপাড়া এলাকায় লোকাল পরিবহনের একটি চলন্ত বাস খাদে উল্টে পড়ে ৭ জন আহত হয়েছেন।

আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন, গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের জামাল উদ্দীনের ছেলে জাহিদ হাসান (৩৫), একই গ্রামের সামছদ্দিনের ছেলে শাওন (২৫), চাঁদপুর গ্রামের আতর আলীর ছেলে তোহিদুল ইসলাম (৪৫), চেংগাড়া গ্রামের মনিরুল ইসলামের ছেলে শাহনেওয়াজ (৪০), মেহেরপুর জেলা শহরের আব্দুল লতিবের ছেলে শাহিনুর আক্তার (৪০), গাংনী উপজেলার ধর্মচাকী গ্রামের মৃতু আব্দুর রহিমের ছেলে আলী হোসেন (৬০) ও তার ছেলে ওয়াসিম আলী (৩৬)।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাত আনুমানিক পৌণে ৯ টার দিকে কুষ্টিয়া থেকে মেহেরপুরের দিকে ছেড়ে আসা মায়ারিনা প্লাস পরিবহন যার নং (ঢাকা মেট্রো-জ-১১-১৮৭৭) অলিনগর পৌছানো মাত্র নিয়ন্ত্রণ হারিয়ে পার্শ্ববর্তি খাদে পড়ে যায়। এতে ৭ জন যাত্রী কারোর হাত কারোর পা, কয়েকজনের কোমর ভেঙ্গে গেছে। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখান থেকে কয়েকজনকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে রেফার্ড

করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন খবর শুনে পুলিশের একটি টিম ঘটনাস্থলে পাঠানো হয়েছে।

মেহেরপুরে কুকুরের কামড়ে আহত ৫০

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে একটি পাগলা কুকুরের কামড়ে (১৫ ও ১৬ আগষ্ট) ২ দিনে প্রায় অর্ধশতাধীক মানুষ আহত হয়েছেন। আহতদের মধ্যে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ২৩ জন চিকিৎসা নিয়েছেন। বাকিরা স্থানীয়ভাবে কবিরাজের কাছে চিকিৎসা নিয়েছেন।

এদের মধ্যে মেহেরপুর ২৫০ শয্যার হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন আমঝুপি গ্রামের আব্দুস শেখের ছেলে আলাইহিম (৫৫), ফারুক হোসেনের মেয়ে ফারহানা খাতুন (৭), হারুন মন্ডলের ছেলে আব্দুল্লাহ (৫৩), মারুফ হোসেনের ছেলে সামিউল (২০) ও মোমিনুল ইসলাম (৭), আব্দুর রবের ছেলে শুভ আহম্মেদ(২৭), আসাদুল ইসলামের মেয়ে রেখা খাতুন (৪), সলিম উদ্দীনের ছেলে মফিজুল ইসলাম (৫০), কিয়ামদ্দীনের স্ত্রী আনজুরা বেগম (৭০), মিল্টন হোসেনের মেয়ে বর্ষা খাতুন (১৩), আব্দুর রহিমের ছেলে কবির হোসেন (২৫), আব্দুল মান্নানের ছেলে মঞ্জুর হোসেন (৩২), আব্দুল মাজেতের ছেলে সামিউল ইসলাম (৪), মোহর আলীর ছেলে জিহাদ হোসেন (২৫), জাহাঙ্গীর হোসেনের ছেলে সাব্বির হোসেন (১০), বাবর আলীর ছেলে ইকবাল হোসেন (৩৫), রমিজ হোসেনের ছেলে আজাদ আলী (১২), খেদমত আলীর স্ত্রী সালমা খাতুন (৫০), আবু সাঈদের স্ত্রী তামান্না (৩০) ও মেয়ে তুবা (৮), আবুল কালামের ছেলে আবু সাঈদ (৪৫), ইনসাফ আলীর ছেলে জিম (২০), মানিক হোসেন, হাবিবুর রহমান, ডাকু, মোয়াজ্জেম হোসেন।

হাসপাতালের জলাতঙ্ক ভ্যাক্সিনেশন সেন্টার থেকে জানা গেছে, আমঝুপি ও চাঁদবিল থেকে কুকুরে কামড়ানো ২৩ জন রোগী মেহেরপুর জেনারেল হাসপাতালে এসে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। চিকিৎসা প্রদানের পর তাদেরকে জলাতঙ্কের ভ্যাক্সিন দেওয়া হয়েছে। এদের মধ্যে হাবিবুর

(১০) নামে একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে ওটিতে নেয়া হয়েছে।’ কুকুরের কামড়ে তার গলার বিভিন্ন অংশের মাংস পেশি ছিন্নভিন্ন হয়ে যাওয়াতে তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালের সার্জারী বিভাগের কনসালটেন্ট তার অস্ত্রোপচার করেছেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডাঃ জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার বলেন, ‘আমঝুপি থেকে কুকুরে কামড়ানো রোগী যারা হাসপাতালে এসেছিলেন তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর ভ্যাক্সিনেশন করা হয়েছে।’

আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু এই ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, উপজেলা পরিষদের সমন্বয় সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডাক্তার অলক কুমার দাশ এব্যাপারে সাবির্ক বিষয়টি দেখার প্রতিশ্রুতি দিয়েছেন।

গাংনী থানার চার পুলিশ সদস্য জেলার শ্রেষ্ঠ নির্বাচিত

গাংনী থানার সেকেন্ড অফিসার এস আই আব্দুর রাজ্জাক, এস আই ইসরাফিল হোসেন,এ এস আই তাওহিদুল ইসলাম,এস আই হাফিজুর রহমানকে বিশেষ সম্মামনায় পুরুষ্কৃত করেছেন মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম। গাংনী থানার চারজন পুলিশ সদস্যকে সম্মাননা ক্রেস্ট ও নগদ অর্থ প্রদান করা হয়।

ওরেন্ট তামিল,মাদক দ্রব্য উদ্ধার, মামলা নিষ্পত্তি, এলাকার পরিস্থিতি নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখায় জেলার শ্রেষ্ঠ অফিসার হিসেবে তাদের সম্মাননা ক্রেস্ট, নগদন প্রদান করেন।

এসময় পুলিশ সুপার রাফিউল আলম,অতিরিক্ত পুলিশ সুপার,কামরুল আহসান, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকসহ তিন থানার ওসি উপস্থিত ছিলেন।

গতকাল বুধবার সকাল ১০ টার সময় মেহেরপুর পুলিশ লাইন্স ডিলশেড

কল্যাণ সভা শেষে আনুষ্ঠানিক ভাবে তাদের পুরস্কৃত করা হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন,গাংনী থানার চারজন পুলিশ সদস্য জেলার শ্রেষ্ঠ হওয়ায় নিজের কাছে ভাল লাগছে। এ পুরস্কার তাদের কাজের আগ্রহ আরও বাড়বে বলে মনে করি।

কাজের দক্ষতা অনুযায়ী পুলিশ সদস্যরা মুল্যায়িত হলে কাজের আগ্রহ আরও বাড়বে বলে জানান পুলিশ সুপার রাফিউল আলম।

মেহেরপুরে ছাত্রলীগের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত

২০০৫ সালে বিএনপি জামায়াতের প্রত্যক্ষ মদদে দেশ ব্যাপি সিরিজ বোমা হামলা ও স্বাধীনতা বিরোধী যুদ্ধাপরাধীদের সমর্থনের প্রতিবাদে ছাত্র সমাজের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) বিকালে বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে পদযাত্রাটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের থেকে শুরু হয়ে মেহেরপুর প্রেসক্লাবের এসে শেষ হয়।

প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহসভাপতি শাহজাহান আলী, আরেক সহসভাপতি দুলাল মাহমুদ, সদর থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইন বায়োজিদ, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের নেতা ইমাম হোসেন ইমন, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী শহর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহন, গাংনী ডিগ্রি কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজা ও সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, ছহিউদ্দীন ডিগ্রি কলেজ ছাত্রলীগের নেতা রাতুল।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানার যুগ্ম সাধারণ সম্পাদক

সুইট মাহমুদ, বারাদী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাতি মানিক প্রমুখ।

সমাবেশে ছাত্রলীগের বিভিন্ন স্তুরের নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন।

গাংনীতে দুধ পরিবহনে ট্যাংকার ভ্যান এর শুভ উদ্বোধন

মেহেরপুর গাংনী উপজেলার দুধ পরিবহনে ট্যাংকার ভ্যানের শুভ উদ্বোধন করা হয়েছে।আজ বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় দুধ পরিবহনের এই ভ্যানের উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা মেহেরপুর ঝিনাইদহ জেলার আরএমটিপি প্রকল্পের আওতায় ওয়েভ ফাউন্ডেশন কতৃক বাস্তবায়িত আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল(ইফাদ) ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালূচেইন উপ- প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। আরএমটিপি প্রকল্প থেকে মেহেরপুর গাংনী উপজেলার গোয়ালা হাফিজুর রহমানকে ট্যাংকার ভ্যান ক্রয় বাবদ ৩০০০০ টাকা অনুদান প্রদান করা হয়।

ট্যাংকার ভ্যান উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী বাজার কমিটির সভাপতি মোঃ সালাউদ্দীন শাওন, সেক্রেটারি মোঃ রফিক, আমিন মিষ্টান্ন ভাণ্ডারের স্বত্বাধিকারী মোঃ রাশেদুল ইসলাম, ওয়েভ ফাউন্ডেশনের আরএমটিপি প্রকল্প প্রজেক্ট ম্যানেজার কৃষিবিদ আব্দুল বারী, ইন্টারভেনশ ০৪- এর ভ্যালূচেইন ফ্যাসিলিটেটর মোঃ শরিফুল আলম লিটন, গাংনী উপজেলার সহকারী ভ্যালূচেইন ফ্যাসিলিটেটর মোঃ আল আমিন এবং ইউনিট ম্যানেজার মোঃ শাহাবুদ্দীন আহম্মেদ।

গাংনী উপজেলার এই ট্যাংকার ভ্যানের উদ্বোধনের ফলে দুধ পরিবহন সহজ ও নিরাপদ হবে। ফলে এলাকায় দুধের উৎপাদন ও খামারীরা ন্যায্য দাম পাবে বলে সংশ্লিষ্টরা আশা করেন।

এইচএসসি পরীক্ষার প্রথম দিনে মেহেরপুরে অনুপস্থিত ২৪ জন

মেহেরপুরে চলতি এইচএসসি পরীক্ষার বাংলা প্রথম পত্রে ২৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত।

মেহেরপুর জেলায় ৩টি উপজেলার ৭টি পরীক্ষা কেন্দ্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এবার মোট পরীক্ষার্থী ৩ হাজার ৭২৬ জন। পরীক্ষায় অংশ নিচ্ছেন ৩ হাজার ৭১২ জন।

পরীক্ষা কেন্দ্রগুলোর মধ্যে রয়েছে মেহেরপুর সরকারি সরকারি কলেজ কেন্দ্র, ছহিউদ্দিন ডিগ্রী কলেজ কেন্দ্র, গাংনী সরকারি ডিগ্রী কলেজ কেন্দ্র, গাংনী ডিগ্রী মহিলা কলেজ কেন্দ্র, বামন্দি নিশিপুর স্কুল এন্ড কলেজ কেন্দ্র, মুজিবনগর উপজেলার মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ কেন্দ্র।

পরীক্ষা চলাকালে জেলা প্রশাসক মোঃ শামীম হাসান পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন।

মেহেরপুরে “উঠান বৈঠক অনুষ্ঠিত”

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা, ঝরে পড়া রোধ ও অনিয়মিত বিদ্যালয়ে আসা ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) সকাল ১০ টার সময় আমঝুপি ইউনিয়নের খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মহাদ্দেছ আলীর সভাপতিত্বে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য রেশমা বেগম ও তাহের আলী। এছাড়া অনুষ্ঠানে জন প্রতিনিধি, এস এম সি, ও ওয়াচ গ্রুপ সদস্য অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ ছাত্রছাত্রীদের অনিয়মিত বিদ্যালয়ে আসা দুর করতে এস.এম.সি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহন করে।

মেহেরপুরে বিএনপির প্রচারপত্র বিতরণ

বেগম জিয়ার নিঃশর্ত মুক্তির দাবীতে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে মেহেরপুর শহরের বিভিন্ন মোড়ে মোড়ে প্রচার পত্র বিতরন করা হয়েছে।

গণতন্ত্র পুনরুদ্ধার, বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও উন্নত চিকিৎসার দাবীতে আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) সকালের দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শহরে প্রচার পত্র বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, বিএনপি নেতা আলিফ আরাফাত, আব্দুস সামাদ, কামরুজ্জামান বাবু, সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, যুগ্ম সম্পাদক সাইদুর সুজন, পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি প্রমূখ।